

তারিখ: ১০.১২.২০১৮

বি-ইউনিট ও বি১-উপ ইউনিটে (কলা ও মানববিদ্যা অনুষদ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বি.এ. অনার্স কোর্সে বিভাগ/ইনস্টিটিউট ভিত্তিক (১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে মেধাক্রম অনুযায়ী) আসনপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য জ্ঞাতব্য :-

কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত (বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, ইসলামিক স্টাডিজ, নাটকলা, আধুনিক ভাষা ইনস্টিটিউট, চারুকলা ইনস্টিটিউট, ফারসি ভাষা ও সাহিত্য, পালি, সংস্কৃত, ইনস্টিটিউট অব এডুকেশন এণ্ড রিসার্চ (আই.ই.আর.), সংগীত ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ) বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীবৃন্দকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হতে আগামী ১১.১২.২০১৮ থেকে ২০.১২.২০১৮ তারিখ বেলা ১-০০টার মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করে অগ্রণী ব্যাংক লি., চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায়, ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। উক্ত ভর্তি বিজ্ঞপ্তিতে কোন ভুলত্রুটি থাকলে তা সংশোধনযোগ্য।

শিক্ষার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি/সমমানের পরীক্ষা পাশের মূল নম্বর ফর্দ এবং বিভিন্ন কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কোর্সের সকল মূল কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট জমা রাখবে। নিয়মানুযায়ী ভর্তি বাতিল না করে উল্লেখিত নম্বর ফর্দ সমূহ ফেরৎ নেয়া যাবে না। তবে, ভর্তির মেধা ও অপেক্ষমান তালিকার সর্বশেষ তারিখের দুইমাস পর ভর্তি বাতিল না করেও শিক্ষার্থীরা তাদের মূল নম্বর ফর্দ সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হতে ফেরৎ নিতে পারবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো. সেকান্দর চৌধুরী)
ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নং:.....

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১. সভাপতি/পরিচালক,....., চ.বি., শূন্য আসনের হিসাব ২০.১২.১৮ তারিখ বেলা ৩-০০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানানোর জন্য অনুরোধ করছি।
উল্লেখ্য যে, বিভাগ/ইনস্টিটিউট থেকে ব্যাংক রসিদ তিন অফিসে পাঠানোর সময় ব্যাংক রসিদের উপর শিক্ষার্থীর মেধাক্রম উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো।

২. কো-অর্ডিনেটর, আই.সি.টি., চ.বি. (অনলাইনে ভর্তির সময়সূচি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি)

৩. ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক), চ.বি.

৪. ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি., চ.বি. শাখা

(স্বাক্ষরিত/-
প্রফেসর ড. মো. সেকান্দর চৌধুরী)

ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

তারিখ: ১০.১২.২০১৮